# 📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৫৯৯

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম প্রথমে দুই রাকা‘আত হালকা সালাত আদায় করার পর দীর্ঘ করে দুই রাকা‘আত সালাত আদায় করতেন, যা পরের দুই রাকা‘আত অপেক্ষা দীর্ঘতর হতো

ذِكْرُ مَا كَانَ يُطوّل صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الرَّكْعَتَيْنِ الْأُولَيَيْنِ عَلَى اللَّتَيْنِ تَلِيَانِهِمَا مِنْ صَلَاةِ اللَّيْلِ بَعْدَ افْتِتَاحِهِ صَلَاةَ اللَّيْلِ بِرَكْعَتَيْنِ خفيفتين

আরবী

2599 - أَخْبَرَنَا عُمَرُ بْنُ سَعِيدِ بْنِ سِنَانٍ قَالَ: أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ أَبِي بَكْرٍ عَنْ مَالِكٍ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ أَبِي بَكْرٍ عَنْ أَبِيهِ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ قَيْسِ بْنِ مَخْرَمَةَ أَنَّهُ أَخْبَرَهُ عَنْ زَيْدِ بْنِ خَالِدٍ الْجُهَنِيِّ أَنَّهُ قَالَ: لَأَرْمُقَنَّ صَلَاةَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ اللَّيْلَةَ قَالَ: فتوسَّدْتُ عَتَبَتَهُ أَوْ فُسْطَاطَهُ فَقَامَ فَصَلَّى رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ رَكْعَتَيْنِ خَفِيفَتَيْنِ ثُمَّ صَلَّى رَكْعَتَيْنِ طَوِيلَتَيْنِ طَوِيلَتَيْنِ طَوِيلَتَيْنِ ثُمَّ صَلَّى رَكْعَتَيْنِ دُونَ اللَّتَيْنِ قَبْلَهُمَا ثُمَّ صَلَّى رَكْعَتَيْنِ دُونَ اللَّتَيْنِ قَبْلَهُمَا ثُمَّ صَلَّى رَكْعَتَيْنِ دُونَ اللَّتَيْنِ قَبْلَهُمَا ثُمَّ صَلَّى رَكْعَتَيْنِ دُونَ اللَّتَيْنِ قَبْلَهُمَا ثُمَّ أَوْتَرَ فَذَلِكَ ثَلَاثَ عَشْرَةَ رَكْعَةً

الراوي : زَيْد بْن خَالِدٍ الْجُهَنِيِّ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2599 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود)) (1236): م.

বাংলা

২৫৯৯. যাইদ বিন খালিদ জুহানী রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “অবশ্যই আমি আজ রাতে আল্লাহর নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সালাত খেয়াল করবো।” তিনি বলেন, “অতঃপর আমি তাঁর তাবু বা দরজার চৌকাঠে মাথা ঠেকিয়ে শুয়ে পড়ি। অতঃপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম দাঁড়ান এবং হালকা দুই রাকা‘আত সালাত আদায় করেন। তারপর তিনি অনেক দীর্ঘ করে দুই রাকা‘আত সালাত আদায় করেন। তারপর তার চেয়ে কম দীর্ঘ করে দুই রাকা‘আত সালাত আদায় করেন। তারপর তার চেয়ে হালকা দুই

রাকা‘আত সালাত আদায় করেন। তারপর তার চেয়ে হালকা দুই রাকা‘আত সালাত আদায় করেন। তারপর তার চেয়ে হালকা দুই রাকা‘আত সালাত আদায় করেন। তারপর তিনি বিতর সালাত আদায় করেন। এই হলো ১৩ রাকা‘আত সালাত।”[1]

## ফুটনোট

[1] মুয়াত্তা ইমাম মালিক: ১/১২২; মুসান্নাফ আব্দুর রাযযাক: ৪৭১২; সহীহ মুসলিম: ৭৬৫; আবূ দাঊদ: ১৩৬৬; শামায়েলে তিরমিযী: ২৬৬; ইবনু মাজাহ: ১৩৬২; তাবারানী: ৫২৪৫; সুনান বাইহাকী: ৩/৮; মুসনাদ আহমাদ: ৫/১৯৩।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ১২৩৬)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ যায়েদ ইবনু খালিদ আল-জুহানী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91929

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন